গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং -৩২.০১.০০০০.০১৩.০১১.১৬- ১৮৬                                        তারিখ : ৩১/০১/১৭

**বিষয়: ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ-বছরে ''কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির'' আওতায় চুক্তিবদ্ধ সিবিও/ এনজিও কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ''কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির'' আওতায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ-বছরে আপনার জেলা/উপজেলাধীন ......................... পৌরসভা/সিটি কর্পোরেশন কর্মসূচির নির্বাচিত উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে ............................................ নামক এনজিও/সিবিও এর চুক্তি সম্পাদিত হয়েছে।

২। চুক্তির শর্তানুযায়ী চুক্তিবদ্ধ এনজিও/সিবিও প্রতিদিন ২ ঘন্টা করে মাসে ন্যূনতম ৪দিন প্রশিক্ষণ প্রদান করতে হবে। এনজিও/সিবিও কর্তৃক প্রশিক্ষণ শুরুর পূর্বে মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে কর্ম-পরিকল্পনা (work-plan) দাখিল করতে হবে। কর্ম-পরিকল্পনায় প্রশিক্ষণের সময়, স্থান, প্রশিক্ষণ বিষয় ও প্রশিক্ষণার্থীর সংখ্যা উল্লেখ করতে হবে। প্রতি প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০ জনের অধিক হতে পারবে না। প্রশিক্ষণ কার্যক্রম মনিটর করার সুবিধার্থে প্রশিক্ষণের প্রত্যেক ভেন্যুতে স্কাইপে আইডি নম্বর থাকতে হবে। যা প্রশিক্ষণ কর্ম-পরিকল্পনায় উল্লেখ করতে হবে। জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর পূর্বে এনজিও/সিবিও সমূহ হতে প্রাপ্ত প্রশিক্ষণের কর্ম-পরিকল্পনা মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ করবে। প্রতি অর্থ-বছরে ৩ (তিন) মাস করে ২ বছরে (২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থ-বছরে) মোট ৬ (ছয়) মাস প্রশিক্ষণ সেবা প্রদান করতে হবে।

৩। আপনার জেলাসদরস্থ সিটি কর্পোরেশন/পৌরসভা এবং উপজেলা সদরস্থ পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের নির্বাচিত উপকারভোগীদের জন্য স্ব-স্ব ওয়ার্ডে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণ কেন্দ্র নির্ধারণ করতে হবে। প্রশিক্ষণ কেন্দ্র নির্ধারণের ক্ষেত্রে সরকারি কমিউনিটি সেন্টার, সরকারি/ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে প্রাধান্য দেয়া যেতে পারে। এই বিষয়ে প্রয়োজনে পৌরসভা/সিটি কর্পোরেশন এবং জেলা/উপজেলা প্রশাসনের সহযোগিতা নেয়ার জন্য বলা হলো। যদি এই প্রক্রিয়ায় প্রশিক্ষণ কেন্দ্রর ব্যবস্থা না করা যায় তাহলে চুক্তিবদ্ধ এনজিও/সিবিও কে নিজস্ব ব্যবস্থাপনায় প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবস্থা করতে হবে। এজন্য অতিরিক্ত কোন অর্থ প্রদান করা হবে না।

এমতাবস্থায় চুক্তিবদ্ধ এনজিও/সিবিও-কে সম্পাদিত চুক্তি ও নীতিমালার আলোকে প্রয়োজনীয় সহযোগিতা, পরামর্শ, নির্দেশনা এবং নিয়মিত মনিটরিং এর মাধ্যমে প্রশিক্ষণ কর্মসূচি শতভাগ সফল করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। চুক্তি সম্পাদনের কপি।

১/০২/২০১৭

(মো: জাহাঙ্গীর হোসেন এনডিসি)
পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

১। জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
..........................................(জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার-কে পত্রের কপি প্রেরণ নিশ্চিত করতে হবে)।

<u>কার্যার্থে :</u>

২। সভানেত্রী/প্রধান নির্বাহী কর্মকর্তা
..........................................
(চুক্তি স্বাক্ষরের তারিখ থেকে ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার বরাবর রিপোর্ট দাখিল করতে হবে)।

<u>জ্ঞাতার্থে :</u>

১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।